

বিদেশসচিব মস্কো ও বেজিং সফর করবেন

আগামি ১৩-১৭ এপ্রিল ২০১৪ বিদেশ সচিব শ্রীমতি সুজাতা সিং মস্কো ও বেজিং সফর করবেন। ১৩-১৪ এপ্রিল ২০১৪ তিনি বেজিং-এ থাকবেন। সেখানে তিনি তাঁর সমমর্যাদার সহকারী বিদেশমন্ত্রী লিউ ঝোনমিনের সংগে ষষ্ঠ ভারত-চীন স্ট্র্যাটেজিক বার্তালাপে যৌথ পৌরোহিত্য করবেন। এই বছরের দ্বিতীয়ভাগে ভারত-চীন নেতৃত্বের মৈত্রী সফর বিনিময় পরিকল্পনা সহ উভয়পক্ষ দ্বিপাক্ষিক সম্পর্কের যাবতীয় বিষয়গুলির পর্যালোচনা করবেন। বিদেশসচিব চিনা বিদেশমন্ত্রী ওয়াং ইর সংগে সাক্ষাৎ করবেন।

১৬-১৭ এপ্রিল ২০১৪ বিদেশসচিব মস্কোতে তাঁর সমমর্যাদার রাশিয়ার প্রথম উপবিদেশমন্ত্রী ভ্লাদিমির টিটভ এবং উপবিদেশমন্ত্রী আইগর মরগুলাভের সংগে বিদেশমন্ত্রকের বার্ষিক বার্তালাপ পরিচালনা করবেন। উভয়পক্ষ বর্তমানে চালু সহযোগিতার ক্ষেত্রগুলির মূল্যায়ণ এবং এই বছরের শেষে নিদ্বারিত বার্ষিক শিখর সম্মেলনের প্রস্তুতি উপলক্ষ্যে উচ্চপর্যায়ের দ্বিপাক্ষিক সফর বিনিময়ের সফরসূচীর সময় পর্যালোচনা করবেন।

এই দুই সফরের মাধ্যমে বিদেশ সচিব চিন ও রাশিয়ার সংগে দ্বিপাক্ষিক সম্পর্কের গতিবেগ অব্যাহত রাখবেন।

নয়াদিল্লি

১১ এপ্রিল ২০১৪